

“শেখ হাসিনার বাংলাদেশ  
পরিচ্ছন্ন পরিবেশ”



122

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ অধিদপ্তর  
বরিশাল বিভাগীয় কার্যালয়  
৩৯৯, নবগ্রাম রোড, বরিশাল  
www.doe.gov.bd

নং-২২.০২.১০০৬.০৪৯.৯৯.০০১.১৫. ৭৬


২২/০১/১৪২৮ বঙ্গাব্দ  
তারিখঃ -----।  
২৬/০১/২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : জাতীয় নদী রক্ষা কমিশন কর্তৃক প্রদত্ত সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।  
সূত্র : জাতীয় নদী রক্ষা কমিশনের গত ০৯ জানুয়ারি ২০২২খ্রিঃ তারিখের -১৮.২০.০০০০.০১৮.৯৯.০৪৪.১৯-৫৮  
সংখ্যক স্মারকপত্র;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিবেশ অধিদপ্তর, বরিশাল বিভাগীয় কার্যালয়ের অধিক্ষেত্রে মোট ০১টি প্রতিষ্ঠান তরলবর্জ্য পরিশোধনাগার প্লান্ট স্থাপন ব্যতিরেকে বর্জ্য ড্রেণের মাধ্যমে সরাসরি নদীতে ফেলছে। নিম্নোক্ত ছকে উক্ত প্রতিষ্ঠানের তথ্য প্রদান করা হলোঃ

জেলার নাম	নদী/খাল/বিলের নাম	দূষণকারীর নাম ও ঠিকানা	দূষণের প্রকৃতি	গৃহীত ব্যবস্থা	সুপারিশ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
পটুয়াখালী	লোহালিয়া নদী	বায়োজেন ফার্মাসিউটিক্যালস লি: বিসিক শিল্প-নগরী, পটুয়াখালী।	অপরিশোধিত তরলবর্জ্য	পটুয়াখালী জেলা কার্যালয় থেকে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ও ইটিপি স্থাপনের মাধ্যমে কারখানার কার্যক্রম পরিচালনার জন্য নোটিশ প্রদান করা হয়েছে। (কপি সংযুক্ত)	

বিষয়টি মহোদয়ের সদয় অবগিত ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থার জন্য প্রেরণ করা হলো।

  
(মোঃ আবদুল হালিম)

পরিচালক  
(উপসচিব)

ফোনঃ ০২৪৭৮৮-৬১৬৪৪(অফিস)

✓ সহকারী প্রধান (পরিবেশ ও প্রতিবেশ)  
জাতীয় নদী রক্ষা কমিশন  
হোসাইন টাওয়ার (২য় তলা)  
বীরপ্রতীক গাজী গোলাম দস্তগীর রোড  
১১৬, নয়াপল্টন, ঢাকা-১০০০।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- মাননীয় সচিব, জাতীয় নদী রক্ষা কমিশন, হোসাইন টাওয়ার (১২তলা), বীর প্রতীক গাজী গোলাম দস্তগীর রোড, ১১৬, নয়াপল্টন, ঢাকা-১০০০।
- মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাও, শেখেরাধিকা সড়ক, ঢাকা-১২৩৭।
- অফিস কপি।

জাতীয় নদী রক্ষা কমিশন  
চেয়ারম্যান-এর দপ্তর

ডায়েরী নম্বর: ২৫৪.....

তারিখ: ০১/০১/২২

01 FEB 2022

ডায়েরী নম্বর: ২৫৪.....

2275

শেখ হাসিনার বাংলাদেশ  
পরিচ্ছন্ন পরিবেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ অধিদপ্তর  
পটুয়াখালী জেলা কার্যালয়  
সদ্রাট ম্যানশন, পিটিআই রোড, পটুয়াখালী।  
www.doe.gov.bd

নং-২২.০২.১০৭৮৩৬৮.৭১.০১৩.১৯.১৪৬

তারিখঃ-----  
০৩/০৯/১৪২৬ বঙ্গাব্দ।  
১৭/১২/২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ ইটিপি (Effluent Treatment Plant) ও ডাষ্ট কালেক্টর স্থাপন প্রসঙ্গে।

সূত্রঃ ০৯/১২/২০১৯ খ্রি: তারিখের ২২.০২.০০০০.০৪৫.২২.০২৪.১৮.৩১৭ নং স্মারক।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠানটি অত্র দপ্তর থেকে গত ০৩/০৯/২০১৯ খ্রি: তারিখে সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় দেখা যায় আপনার বায়োজেন ফার্মাসিউটিক্যালস লিঃ পটুয়াখালী বিসিক শিল্প নগরীর প্লট নং- ৮, ৯ ও ১০-এ স্থাপিত প্রতিষ্ঠানটি অবস্থানগত ছাড়পত্র গ্রহণ করে (পরিবেশগত ছাড়পত্র গ্রহণ না করে) বানিজ্যিকভাবে উৎপাদনের কার্যক্রম অব্যাহত রয়েছে যা, পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০)-এর পরিপন্থি ও শাস্তিযোগ্য অপরাধ অবস্থানগত ছাড়পত্র-এর লংঘন।

২। মহামান্য হাইকোর্টের বিভাগের আদেশ মোতাবেক ৩০ জুন ২০১০ এর মধ্যে প্রযোজ্য সকল উদ্যোক্তাকে ইটিপি (Effluent Treatment Plant) স্থাপনে বাধ্য করা ও ইটিপি চালু রাখার ব্যবস্থা করার নির্দেশনা রয়েছে।

০৩। আপনি অবস্থানগত ছাড়পত্র-এর লংঘন করে প্রতিষ্ঠানটির উৎপাদন কার্যক্রম চালু রেখে তরল (ইটিপি বিহীন অবস্থায়) ও কঠিন বর্জ্য দ্বারা পরিবেশ দূষণ করে আসছেন যা, পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০)-এর পরিপন্থি, ধারা ১২, ৭, ৯ ও ১০-এর শাস্তিযোগ্য অপরাধ।

০৪। পরিবেশগত ছাড়পত্রবিহীন ও মহামান্য হাইকোর্টের নির্দেশনা অমান্য করে ইটিপি (Effluent Treatment Plant) স্থাপন এবং ডাষ্ট নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ না করে উৎপাদন কার্যক্রম পরিচালনা করায় আপনার প্রতিষ্ঠানটির বিরুদ্ধে কেন ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার ব্যাখ্যা আগামী ০৭(সাত)দিনের মধ্যে এই দপ্তরে লিখিত ও সশরীরে হাজির হওয়ার জন্য বলা হলো।

০৫। উপরোক্ত নির্দেশ পালনে ব্যর্থ হলে আপনার ও আপনার প্রতিষ্ঠানের বিরুদ্ধে ক্ষতিপূরণ আদায় এবং বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) মোতাবেক মামলা দায়েরসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
(শেখ কামাল মেহেদী)  
সহকারী পরিচালক  
ফোন: ০১৬৮৮৭২৯৯২০

প্রাপক,

ব্যবস্থাপনা পরিচালক

স্বত্বাধিকারী

বায়োজেন ফার্মাসিউটিক্যালস লিঃ

বিসিক শিল্প নগরীর প্লট নং- ৮, ৯ ও ১০,

পটুয়াখালী।

অনুলিপি: সদয় অবগতির জন্য।

১। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা;

২। পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট সেল), সদর দপ্তর, ঢাকা;

৩। পরিচালক, বরিশাল বিভাগীয় কার্যালয়, বরিশাল;

৩। অফিস কপি;